# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 19 April, 2025

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলা জামায়াতের বাছাইকৃত অগ্রসর কর্মীদের নিয়ে দিন ব্যাপী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে ।

শনিবার (১৯ এপ্রিল) সকাল ৬টায় শুরু হয়ে সন্ধ্যা ৬টা পর্যন্ত আলমডাঙ্গা শহরের জিস কমিউনিটি সেন্টারে টাওয়ারের তৃতীয় তলায় এ শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা উপজেলা জামাতের আমীর শফিউল আলম বকুলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী যশোর- কুষ্টিয়া অঞ্চলের টিম সদস্য এ. কে. এম. আলী মুহসিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জমায়াতের সেক্রেটারী এ্যাডভোকেট আসাদুজ্জামান।

আলোচক ছিলেন জামায়াত মনোনীত চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য প্রার্থী জেলা সহকারী সেক্রেটারী এ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, বাংলাদেশ জামায়াতে ইসলামী কুষ্টিয়া জেলার টিম সদস্য আব্দুস সাত্তার, মেহেরপুর-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী তাজ উদ্দীন খান।

শুরুতেই উদ্বোধনী বক্তব্য রাখেন জামায়াতের উপজেলা সহকারী সেক্রেটারী বিলাল হুসাইন। এছাড়াও বক্তব্য রাখেন জেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য জেলা জামায়াতের যুব বিভাগের সভাপতি নুর মোহাম্মদ হুসাইন টিপু, আইন বিষযক

সম্পাদক  দারুস সালাম ও সমাজ কল্যাণ সম্পাদক আলতাফ  হোসাইন। উপস্থাপনা করেন উপজেলা জামায়াতের  সেক্রেটারী মামুন রেজা।

বাংলাদেশ জামায়াতে ইসলামী শিবির

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:46

URL: https://www.timestodaybd.com/khulna/7758071070